



বান্দরবান, বরগুনা, বরিশাল, ভোলা, কক্সবাজার, ফেনী, লালমনিরহাট, নোয়াখালী, পিরোজপুর, পটুয়াখালী, সাতক্ষীরা, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

প্রকাশের তারিখ : ৩০ ডিসেম্বর ২০১৯

- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২-৫ জানুয়ারি যথেষ্ট পরিমাণে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং আর্দ্রতা বেড়ে যেতে পারে। সেইসাথে রাতের নিম্ন তাপমাত্রা অব্যাহত থাকতে পারে।
- আবহাওয়ার এই পরিস্থিতিতে রবি ফসলে বিভিন্ন রোগের আক্রমণ বিশেষ করে আলু ও টমেটোতে আগাম ধ্বসা এবং গমে ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। যদি রোগের লক্ষণ দেখা যায় বৃষ্টিপাতের পর অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বোরো বীজতলায় অতিরিক্ত পানি জমে থাকলে নিষ্কাশন করুন। বীজতলায় পানির স্তর ২-৩ সে.মি. বজায় রাখুন।
- আমন সংগ্রহ বাকী থাকলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ স্থানে সংরক্ষণ করুন।
- ২-৫ জানুয়ারি সেচ ও সার প্রয়োগ বন্ধ রাখুন।
- বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধিতে নিম্ন তাপমাত্রার প্রভাব কমিয়ে আনার জন্য বীজতলা দিনের বেলা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন এবং বিকেলে তা সরিয়ে ফেলুন। এছাড়াও রাতের বেলা সেচ দিয়ে খুব ভোরে পানি সরিয়ে ফেলে ঠান্ডা আবহাওয়ায় চারার বৃদ্ধি ত্বরান্বিত করা যায়।
- রাতে নিম্ন তাপমাত্রা এবং মেঘলা আবহাওয়া বিরাজ করছে, কাজেই গবাদি পশুকে চালার নীচে রাখুন। গবাদি পশুর স্বাস্থ্য রক্ষায় প্রতিদিন খাবারের সাথে ৫০-১০০ গ্রাম মিনারেল মিক্সচার খাওয়ান। মুরগীর খোয়াড়ে সন্ধ্যার পর ১-২ ঘণ্টা বাত্ব জ্বালিয়ে রাখলে ডিম উৎপাদন বৃদ্ধি পাবে এবং রোগ বালাই কমে যাবে।